নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-২৪৯

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭ / ০৩ সেপ্টেম্বর ২০২০

## পরিপত্র-২

বিষয় : **জাতীয় সংসদের ৫১ নওগাঁ-৬ ও ১৭৮ ঢাকা-৫ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে পোস্টাল ব্যালটে ভোটদান, ভোটকেন্দ্র স্থাপন, ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত এবং নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বদলি ইত্যাদি**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জারিকৃত বিভিন্ন পরিপত্র, ম্যানুয়েল ও নির্দেশিকার আলোকে সময়সূচির সাথে সংগতি রেখে ৫১ নওগাঁ-৬ ও ১৭৮ ঢাকা-৫ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জারিকৃত পরিপত্র-১ এর মাধ্যমে নির্দেশনা দেয়া হয়েছে।

২। **পোস্টাল ব্যালটে ভোটদান:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট- এর মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে:

(ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;

(খ) কোন ব্যক্তি তিনি যে ভোট কেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোট কেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;

(গ) বাংলাদেশি ভোটার বিদেশে বসবাস করলে।

[গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ এবং ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর সংশ্লিষ্ট অংশের কপি পরিশিষ্ট-ক]

উল্লিখিত শ্রেণির ব্যক্তিবর্গের আবেদনের ভিত্তিতে রিটার্নিং অফিসার তাদের নিকট ডাকযোগে "পোস্টাল ব্যালট" প্রেরণ করবেন। রিটার্নিং অফিসার যাতে অগ্রিম ডাক মাশুল পরিশোধ না করে দেশের ও বিদেশের বিভিন্ন স্থানে "পোস্টাল ব্যালট" ডাকযোগে প্রেরণ করতে পারেন এবং ভোটারগণও যাতে উক্তরূপ সুযোগ গ্রহণ করতে পারেন তার নিশ্চয়তা বিধানের জন্য ডাক বিভাগকে অনুরোধ করা হবে।

৩। **ভোটকেন্দ্র স্থাপন:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮ অনুচ্ছেদের (১) দফা অনুসারে রিটার্নিং অফিসারকে সংসদ নির্বাচনে প্রত্যেক নির্বাচনি এলাকার জন্য ভোটকেন্দ্রের স্থান এবং ভোটারগণ যে যে ভোটকেন্দ্রে ভোটদান করবেন সে সকল স্থানের নাম উল্লেখপূর্বক **ভোটকেন্দ্রের ০৩ (তিন) প্রস্থ তালিকা (সফট কপিসহ) ২০ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে বিশেষ দূত মারফত নির্বাচন কমিশনে** দাখিল করতে হবে। ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে যে সকল ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছিল উক্ত শূন্য আসনের নির্বাচনেও ঐ সকল ভোটকেন্দ্র বহাল রাখতে হবে। তবে কোন ভোটকেন্দ্র কোন প্রার্থীর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রভাবাধীন হলে তা কমিশনকে অবহিত করতে হবে। এছাড়াও উল্লিখিত নির্বাচনি এলাকার অধিক গুরুত্বপূর্ণ ভোটকেন্দ্রের নাম নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। উল্লিখিত অধিক গুরুত্বপূর্ণ কেন্দ্রসমূহে অভিজ্ঞ প্রিজাইডিং অফিসার নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। **ভোটগ্রহণকারী কর্মকর্তা নিয়োগের উদ্দেশ্যে প্যানেল প্রস্তুত:** প্রিজাইডিং অফিসার, সহকারি প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগ প্রসঙ্গে আপনাকে স্মরণ করিয়ে দেয়া যাচ্ছে যে, নির্বাচন কমিশন কর্তৃক ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্তভাবে প্রকাশের সংগে সংগে প্রতিটি ভোটকেন্দ্রের জন্য প্রিজাইডিং অফিসার, সহকারি প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ চূড়ান্ত করতে হবে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৯ অনুচ্ছেদ অনুসারে রিটার্নিং অফিসার তার অধীনস্থ নির্বাচনি এলাকার ভোটকেন্দ্রের জন্য প্রিজাইডিং অফিসার, সহকারি প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগের উদ্দেশ্যে একটি প্যানেল প্রস্তুত করবেন। একাদশ জাতীয় সংসদ সাধারণ নির্বাচন উপলক্ষে অত্র সচিবালয় হতে জারীকৃত নির্দেশনা অনুযায়ী ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ চূড়ান্ত করবেন। ভোটগ্রহণ কর্মকর্তাদের নিয়োগের জন্য প্রস্তুতকৃত প্যানেল **২৭ সেপ্টেম্বর ২০২০** তারিখের মধ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে।

৫। **নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের বদলি স্থগিতকরণ:** আপনি নিশ্চয়ই অবহিত আছেন যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৪৪ই অনুচ্ছেদের বিধান অনুসারে নির্বাচনি তফসিল ঘোষণার পর হতে নির্বাচনি ফলাফল ঘোষণার পরবর্তী ১৫ দিনের মধ্যে নির্বাচন কমিশনের পূর্বানুমতি ব্যতিরেকে ৪৪ই অনুচ্ছেদে উল্লিখিত কর্মকর্তাবৃন্দকে স্ব স্ব কর্মস্থল হতে বদলি করা যাবে না।

৬। এতদ্ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৫(২) অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচন কমিশনের দায়িত্ব পালনে সহায়তা করা সকল নির্বাহী কর্তৃপক্ষের অবশ্য কর্তব্য। নির্বাচনি সময়সূচি জারির পর নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩নং আইন) এর ৪(৩) ধারা অনুসারে নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী স্বীয় চাকুরির অতিরিক্ত দায়িত্ব হিসাবে নির্বাচন কমিশনের অধীনে প্রেষণে নিয়োজিত আছেন বলে বিবেচিত হবেন। উক্ত আইনের ৪(২) ধারা অনুযায়ী কোন ব্যক্তি নির্বাচন কর্মকর্তা নিযুক্ত হলে তার নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে নির্বাচন কর্মকর্তা হিসাবে কোন দায়িত্ব পালনের ব্যাপারে বাধা দিতে বা বিরত রাখতে পারবেন না।

৩/৯/২০২০

সংলগ্নী: বর্ণনা মোতাবেক

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫৮ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

প্রাপক:

১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল ও রিটার্নিং অফিসার
২। জেলা নির্বাচন অফিসার, নওগাঁ ও রিটার্নি অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-২৪৯

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭ / ০৩ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব ..................................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী
৯. উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা/রাজশাহী রেঞ্জ
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১৫. জেলা প্রশাসক, ঢাকা/নওগাঁ
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .........................(সংশ্লিষ্ট)
১৭. পুলিশ সুপার, ঢাকা/নওগাঁ
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .........................(সংশ্লিষ্ট)
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঢাকা/নওগাঁ
২১. উপজেলা নির্বাহী অফিসার, ...........................................(সংশ্লিষ্ট)
২২. জেলা তথ্য অফিসার, ঢাকা/নওগাঁ

২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................, এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ......................................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. অফিসার-ইন-চার্জ, ........................................ (সংশ্লিষ্ট) থানা।

০৩/০৯/২০২০

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০